ভোরের কাগজ

তারিখ 03 MAR 1998
পৃষ্ঠা ২ কলাম ৫

৭৮

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসী তৎপরতায় শিক্ষামন্ত্রীর উদ্বেগ

শিক্ষামন্ত্রী এ এস এইচকে সাদেক ঢাকা বিশ্ববিদ্যালয়ে বহিরাগত সন্ত্রাসীদের দ্বারা উত্তেজনা সৃষ্টিতে গভীর উদ্বেগ ও আশঙ্কা প্রকাশ করেছেন। বাসস।

গতকাল দেওয়া এক বিবৃতিতে মন্ত্রী বলেন, বর্তমানে দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শান্ত পরিবেশ বিরাজ করছে। অতীতে যেভাবে সন্ত্রাসকে রাষ্ট্রীয়ভাবে পৃষ্ঠপোষকতা করা হতো, বর্তমান সরকার তা নির্মূল করেছে। সরকার সন্ত্রাসীদের প্রশ্রয় দেয় না বলে আইনশৃঙ্খলা পরিস্থিতি এখন অনেক উন্নত এবং শিক্ষাঙ্গনে সন্ত্রাস প্রায় বন্ধ হয়ে এসেছে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

সংবাদপত্রে প্রকাশিত এ সম্পর্কিত বিভিন্ন খবরের উল্লেখ করে মন্ত্রী বলেন, বাইরে থেকে মাইক্রোবাসযোগে এসে একটি ছাত্র সংগঠনের কর্মীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে জোর করে সন্ত্রাস চাপিয়ে দিচ্ছে। তিনি আশঙ্কা প্রকাশ করে বলেন, এতে বোঝা যায়, শিক্ষাঙ্গনের শান্ত পরিবেশ বিঘ্নিত করতে একটি মহল নতুনভাবে প্রক্রিয়া শুরু করেছে। জনাব সাদেক শিক্ষাঙ্গনে বিরাজমান শান্তিপূর্ণ পরিবেশ অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। তিনি দেশের ছাত্র, শিক্ষক ও অভিভাবকদেরও এর বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান জানিয়ে আশা প্রকাশ করেন, জনমতের চাপের কাছে সন্ত্রাসীরা পরাস্ত হবে।